# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৪০

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

## الفصل الاول ( بَاب أَشْرَاط السَّاعَة)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يَكْثُرَ الْمَالُ وَيَفِيضَ حَتَّى يُخْرِجَ الرَّجُلُ زَكَاةَ مَالِهِ فَلَا يَجِدُ أَحَدًا يَقْبَلُهَا مِنْهُ وَحَتَّى تَعُودَ أَرْضُ الْعَرَبِ مُرُوجًا وَأَنْهَارًا» رَوَاهُ مُسْلِمٌ. وَفِي رِوَايَة: قَالَ: «تبلغ المساكن إهَاب أَو يهاب»

رواه مسلم (60 / 157 و الرواية الثانية 43 / 2903)، (2339 و 7290) ۔ (صَحِيح)

বাংলা

৫৪৪০-[৪] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কিয়ামত ততক্ষণ পর্যন্ত সংঘটিত হবে না, যতক্ষণ পর্যন্ত না ধন-সম্পদের প্রাচুর্য হবে এবং (পানির মতো) তা প্রবাহিত হতে থাকবে। এমনকি লোকেরা নিজেদের সম্পদের যাকাত বের করবে বটে, কিন্তু তা গ্রহণ করার মতো কোন লোক পাবে না। তিনি (সা.) আরো বলেছেন, কিয়ামতের আগে ’আরব ভূমি সুজলা সুফলা উদ্যান ও প্রবাহিত নদ-নদীতে পরিবর্তিত হয়ে যাবে। (মুসলিম)

সহীহ মুসলিম-এর অপর এক বর্ণনায় আছে, মদীনার জনবসতি তথা দালান-কোঠা ’ইহাব’ অথবা (বলেছেন,) ইয়াহাব’ নামক জায়গা পর্যন্ত পৌঁছে যাবে।

ফুটনোট

সহীহ: বুখারী ১৪১২, মুসলিম ৬০-(১৫৭), সহীহুল জামি ৭৪২৯, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৭৩৮৪, মুসনাদে আহমাদ ৮১২০, আবূ ইয়া'লা ৬২৯৩, সহীহ ইবনু হিব্বান ৬৬৮১, হিলইয়াতুল আওলিয়া ৮/১৭২, আল মু'জামুল আওসাত্ব ৫৫১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এটা এমনও হতে পারে যেমনটা ‘উমার ইবনু আবদুল আযীয-এর যামানায় ঘটেছিল। অতএব এটা কিয়ামতের আলামত নয়।
‘আদী ইবনু হাতিম (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে রয়েছে, নবী (সা.) বলেছেন: যদি তুমি দীর্ঘ হায়াত লাভ কর তবে অবশ্যই দেখতে পাবে যে, মানুষ দু হাত ভর্তি করে স্বর্ণ নিয়ে এটা দান করার জন্য দান গ্রহীতাকে অনুসন্ধান করবে।
যায়দ ইবনুল খত্ত্বাব-এর বর্ণনায় উত্তম সনদে বর্ণিত রয়েছে যে, তিনি বলেন, ‘উমার ইবনু আবদুল ‘আযীয-এর সময়কালে মানুষ এমন অবস্থায় উন্নীত হয়েছিল যে, লোকজন আমাদের কাছে অনেক সম্পদ নিয়ে এসে বলত, এগুলো সব গরীবদেরকে দান করে দিন। কিন্তু লোকজন গরীব লোক না পাওয়ার কারণে সম্পদগুলো ফিরিয়ে নিয়ে যেতেন। উমার ইবনু 'আবদুল আযীয (রহ.) লোকজনকে ধনী করে দিয়েছিলেন। (ফাতহুল বারী ১৩শ খণ্ড, ৪৫৯ পৃ., হা. ৭১২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85418

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন